# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. FOURTH SEMESTER EXAMINATION, AUGUST 2021**

**SECOND YEAR [BATCH 2019-22]**

**BENGALI (HONOURS)**

**Paper : X [CC10]**

Date : 11/08/2021

Time : 11.00 am - 1.00 pm

Full Marks : 50

নিম্নলিখিত প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও।

১। ‘রাজসিংহের ঐতিহাসিক অংশের নায়ক ঔরঙ্গজেব, রাজসিংহ এবং বিধাতাপুরুষ। উপন্যাস অংশের নায়ক আছে কিনা জানি না কিন্তু নায়িকা জেবউন্নিসা’। — রবীন্দ্রনাথ ঠাকুরের এই বক্তব্যের পক্ষে বা বিপক্ষে তোমার মতামত দাও।

<u>অথবা</u>, (১০)

উপকাহিনি শাখাকাহিনি বলতে কি বোঝ? ‘রাজসিংহ’ উপন্যাসে এই উপকাহিনি ও শাখাকাহিনি রচনায় ঔপন্যাসিক যে কৃতিত্বের পরিচয় দিয়েছেন তা আলোচনা করো।

২। ‘ঘরে-বাইরে’ উপন্যাসে নিখিলেশ চরিত্রটিকে কি তোমার কেবলমাত্র একটি তাত্ত্বিক নিষ্প্রাণ চরিত্র বলে মনে হয়, মতামত দাও।

<u>অথবা</u>, (১০)

‘ঘরে-বাইরে’ উপন্যাসটির নামকরণের সার্থকতা বিশ্লেষণ করো।

৩। ‘পথের পাঁচালী’ উপন্যাসের প্রথম খসড়ায় দুর্গা না থাকলেও পরবর্তীতে সে হয়ে উঠেছে এই উপন্যাসের অপরিহার্য অঙ্গ। উপন্যাসে চরিত্রটির অপরিহার্যতা বিশ্লেষণ করো।

<u>অথবা</u>, (১০)

বাংলা উপন্যাসের ধারায় ‘পথের পাঁচালী’র স্বাতন্ত্র্য বিচার করো।

৪। ছোটোগল্পের গঠনের দিক থেকে ‘একরাত্রি’র সার্থকতা বিচার করো।

<u>অথবা,</u> (১০)

‘নিশীথে’ গল্পে মনস্তাত্ত্বিকতার যে পরিচয় ফুটে উঠেছে, তা বিশ্লেষণ করো।

৫। ‘তারিণী মাঝি’ গল্পে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় মানুষের যে জৈবিক অস্তিত্বের খবর দেন, তার পরিচয় দাও।

<u>অথবা,</u> (১০)

প্রেমেন্দ্র মিত্রের ‘মহানগর’ অবলম্বনে নগরের স্বরূপ আলোচনা করো।

——————— × ———————